



বাংলাদেশ জাতীয় সংসদ  
Bangladesh Parliament

মেরিনা রহমান  
সংসদ সদস্য

৩৪৬ মহিলা আসন-৪৬  
সদস্য, পরিবেশ ও বন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি  
বাংলাদেশ জাতীয় সংসদ

ডিওপত্র নং- বাজাস/

তারিখঃ ২৬শে মার্চ, ২০১৮ইং

বরাবর  
মহা-পরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম। আশা করি ভালো আছেন। আপনি মহা-পরিচালক হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্ব গ্রহণের পর প্রাথমিক শিক্ষা খাতে যে বৈপলবিক সাফল্যের ধারাবাহিকতা চলমান রয়েছে এতে আপনি প্রশংসনীয় ভূমিকা পালন করেছেন। আপনার সুদৃষ্টি আকর্ষণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানাচ্ছি যে আমার স্নেহভাজন জনাবা মোছাঃ তানজিনা আখতার, স্বামীঃ নাজেম মোঃ আখতার হোসেন, সাং- কোটপাড়া, আশরতপুর, পোষ্টঃ ক্যাডেট কলেজ, থানাঃ কোতয়ালী, জেলাঃ রংপুর সদর। তিনি পশ্চিম কাশিম সরকারী প্রাথমিক বিদ্যালয়, পীরগাছা, রংপুরে সহকারী শিক্ষক পদে শিক্ষকতা করছেন। তার স্বামী রংপুর সদরের কাচারী বাজার সোনালী ব্যাংক শাখায় কর্মরত থাকায় তাকে স্বামীর সাথে বসবাস করতে হয়। ১(এক) বছরের কন্যা সন্তান নিয়ে প্রতিদিন প্রায় ৩৫ কিলোমিটার দীর্ঘ পথ অতিক্রম করে স্কুলে যাওয়া আসা করা ভীষণ কষ্টকর। ফলে সঠিক ভাবে দায়িত্ব পালনেও ব্যাঘাত সৃষ্টি হয় বলে আমি মনে করি।

এমতাবস্থায়, মানবিক দিক সুবিবেচনা করে জনাবা মোছাঃ তানজিনা আখতারকে তার স্বামীর কর্মস্থলের কাছাকাছি রংপুর সদরের যে কোন একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বদলী করে সুষ্ঠু ভাবে শিক্ষকতার দায়িত্ব ও কর্তব্য পালনের সুযোগ দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

পরিশেষে আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

ধন্যবাদান্তে,

মেরিনা রহমান  
২৬/৩/১৮ইং

মেরিনা রহমান  
সংসদ সদস্য-৩৪৬  
সদস্য, স্থায়ী কমিটি  
বন ও পরিবেশ মন্ত্রণালয়  
বাংলাদেশ জাতীয় সংসদ।

| প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>মহাপরিচালকের দপ্তর |                                     |
|--|-------------------------------------|
| তারিখঃ   |                                     |
| <input type="checkbox"/>                       | অতিরিক্ত মহাপরিচালক                 |
| <input type="checkbox"/>                       | পরিচালক (প্রশাসন)                   |
| <input type="checkbox"/>                       | পরিচালক (স্বয়ং পরিচালনা)           |
| <input checked="" type="checkbox"/>            | পরিচালক (পশ্চিম ও অপারেশন)          |
| <input type="checkbox"/>                       | পরিচালক (প্রশিক্ষণ)                 |
| <input type="checkbox"/>                       | পরিচালক (পরিচালনা ও উন্নয়ন)        |
| <input type="checkbox"/>                       | পরিচালক (সহকারী শিক্ষক ও মূল্যায়ন) |
| <input type="checkbox"/>                       | পরিচালক (গ্রামাঞ্চল কো-অর্ডিনেটর)   |
| <input type="checkbox"/>                       | পরিচালক (সেকেন্ড হ্যান্ড এডুকেশন)   |
| <input type="checkbox"/>                       | সিস্টেম ম্যানেজার                   |
| <input type="checkbox"/>                       | প্রকল্প পরিচালক                     |
| <input type="checkbox"/>                       | সিস্টেম এনালিস্ট                    |
| <input type="checkbox"/>                       | উপপরিচালক                           |
| <input type="checkbox"/>                       | সহকারী পরিচালক                      |

মহাপরিচালক

মহাপরিচালক  
২৬/৩/১৮ইং  
২৬/৩/১৮ইং